

## The Federation of Bangladesh Chambers of Commerce and Industry

### প্রাথমিক পর্যায়ে ছোট কারখানা সমূহের করণীয়

#### ১. ফায়ার পয়েন্টে স্থাপনঃ

(ক) সামগ্রিকঃ ফায়ার পয়েন্টে অগ্নিনির্বাপন-৬ জন, উদ্ধার-৬ জন ও প্রাথমিক চিকিৎসার -৬ জন এর জন্য পিপিই এবং সাজ-সরঞ্জাম সংরক্ষণ করিতে হইবে।

বিবরণ	সংখ্যা
হ্যান্ড গ্লোভস, সেফটি বুট	৬ জোড়া করে
হেলমেট, আইপ্রটেকশন, সেইফটি ভেস্ট, বাঁশি, রিফিল সুবিধা-সহ গ্যাস মাস্ক, ফায়ার ব্লাংকেট এবং ফায়ার হুক	৬ টি করে
লক কাটার ছোট বড়, ফায়ারম্যান এক্স, হাইটেনশন এক্স, প্লাইয়ারস এবং বেইলচা	২ টি করে
স্টেচার	১ টি
ফার্স্ট এইড বক্স	প্রয়োজনীয় সংখ্যক
লাল রং করা বালতি	৬ টি
৪০-৫০ গ্যালন বা ২০০ লিটার এর ড্রাম ভরা পানি	২ টি

#### (খ) ফায়ার এক্সটিংগুইশারঃ

অনুর্ধ্ব ৫৫০ বর্গফুট এলাকার জন্য ১ টি	৩ কেজি ড্রাই পাউডার
অনুর্ধ্ব ১০০০ বর্গফুট এলাকার জন্য ১ টি	৫ কেজি ড্রাই পাউডার
বিদ্যুতের সাবস্টেশনের জন্য ১ টি	৫ কেজি কার্বন-ডাই-অক্সাইড
কেমিক্যাল, এসিড ও ধাতব পদার্থের জন্য ১ টি	৫ কেজি কার্বন-ডাই-অক্সাইড
তেল বা তেলজাতীয় পদার্থের জন্য ২ টি	৫ কেজি ফোম টাইপ

২. ফায়ার এক্সটিংগুইশার রিফিলঃ এক বছর পর আবশ্যিক রিফিল করতে হবে। রিফিলের আগে মহড়ার মাধ্যমে এক্সটিংগুইশার ব্যবহার করে পাউডার শেষ করতে হবে। কার্বন-ডাই-অক্সাইড এর মেয়াদকাল ৩ থেকে ৫ বছর।

৩. ফায়ার সেইফটি প্লান ও বহিরাগমনের নকশাঃ তৈরী করে বিভিন্ন জায়গায় বুলাতে হবে। বিভিন্ন সাইন পোস্ট ও মার্কিং, সাইনবোর্ডে থাকবে যাতে করে বিপদ চিহ্নিত করা ও ইমার্জেন্সিতে চলাচল পথের দিকনির্দেশনা



১

## The Federation of Bangladesh Chambers of Commerce and Industry

পাওয়া যায়। কমপক্ষে দুইটা বহির্গমনের পথ থাকতে হবে। বহির্গমন পথে সিড়িসমূহের ল্যান্ডিং এবং দরজা বহির্মুখী হতে হবে। ছাদের সিড়ির দরজা সবসময় খোলা থাকতে হবে। ফায়ার স্টেশনের নাম্বার বিভিন্ন জায়গায় ও মূল ফটকে বড় করে লিখে রাখতে হবে। ৫০ জনের বেশী কর্মচারী/শ্রমিক থাকলে সেফটি কমিটি গঠন করতে হবে।

৪. বিদ্যুৎ সংযোগঃ দাহ্যবস্তুর মালগুদামে বিদ্যুৎ সংযোগ থাকবেনা। কারখানায় বিদ্যুতিক তার কোন অবস্থায় ঝুলানো থাকবে না। মাল্টিপ্লাগ ও সুইচ এ লুজ কানেকশন থাকা যাবে না। আর্থিং থাকতে হবে। বয়েলার, সাবস্টেশন, জেনারেটর, ট্রান্সফরমার ইত্যাদি, ১০ ইঞ্চি দেয়াল দিয়ে ঘেরা এবং “বিপদজনক” সাইনপোস্ট থাকতে হবে। বজ্রপতের জন্য লাইটিং এরেষ্টার যথাযত গ্রাউন্ডিং হতে হবে।
৫. কারখানা পরিষ্কার-পরিছন্ন রাখতে হবেঃ ভেন্টিলেশন ব্যবস্থা থাকবে, ধুলাবালি, শব্দ, ধূয়া, তাপ এর ব্যবস্থা নিতে হবে। দিয়ালে কোন ফাটল থাকবেনা। চলাচলের পথ পরিষ্কার থাকবে।
৬. এখনই নিজে নিজে ফরম পূরণ করে রাখতে হবে এবং বাস্তবমুখী ফায়ার ড্রিল করতে হবে।



২